Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## দৈনিক আমাদের বার্তা

# আহত শিক্ষার্থীকে দেখতে হাসপাতালে ঢাবি উপাচার্য



■ আমাদের বার্তা, ঢাবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ঢাকা কলেজের আহত শিক্ষার্থী রাকিবকে দেখতে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে গিয়েছেন। গতকাল বুধবার হাসপাতালে গিয়ে আহত শিক্ষার্থীর শারীরিক অবস্থা ও চিকিৎসার খোঁজ-খবর নেন এবং দ্রুত সুস্থতা কামনা করেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির আহ্বায়ক ড. আব্দুলাহ্-আল-মামুন, ঢাকা কলেজের অধ্যক্ষ এবং ঢাকা মেডিক্যাল কলেজের পরিচালক উপস্থিত ছিলেন।

## মানবজমিন



# ঢাকা কলেজের আহত শিক্ষার্থীকে দেখতে হাসপাতালে ঢাবি ভিসি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার: ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ভিসি প্রফেসর ড. নিয়াজ আহমদ খান ঢাকা কলেজের আহত শিক্ষার্থী রাকিবকে দেখতে হাসপাতালে গিয়েছেন। গতকাল জনসংযোগ অফিস থেকে পাঠানো এক বার্তায় এমনটা জানানো হয়। এ সময় তিনি আহত শিক্ষার্থীর শারীরিক অবস্থা ও চিকিৎসার খোঁজখবর নেন এবং দ্রুত সুস্থতা কামনা করেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের প্রক্টর এসোসিয়েট প্রফেসর সাইফুদ্দীন আহমদ, প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির আহ্বায়ক ড. আব্দুলাহ্-আল-মামুন, ঢাকা কলেজের প্রিন্সিপাল এবং ঢাকা মেডিকেল কলেজের পরিচালক উপস্থিত ছিলেন।

## The Country Today



# DU VC visits injured student at hospital

**DU Correspondent**

Dhaka University Vice Chancellor Professor Dr. Niaz Ahmed Khan visited Dhaka Medical College Hospital to see injured Dhaka College student Rakib on Wednesday.

During this time, he inquired about the injured student's physical condition and treatment and wished him a speedy recovery.

Continued to page 2

### DU VC visits injured

At this time, University Proctor Associate Professor Saifuddin Ahmed, Convener of the Provost Standing Committee Dr. Abdullah-al-Mamun, Principal of Dhaka College and Director of Dhaka Medical College were present.

# সংবাদ

## ঢাবি শহীদুল্লাহ্ হল ক্রীড়ায় সিফাত ও ওয়ারেস যুগ্মভাবে চ্যাম্পিয়ন



মশাল জ্বালিয়ে প্রতিযোগিতার উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি

সংবাদ স্পোর্টস ডেস্ক

ঢাকা বিশ্ববিদ্যালয় ড. মুহম্মদ শহীদুল্লাহ্ হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় প্রাণিবিদ্যা বিভাগের শিক্ষার্থী সাফিন আল মাহমুদ খান সিফাত ও অণুজীব বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী ওয়ারেস মালেক যুগ্মভাবে চ্যাম্পিয়ন এবং গণিত বিভাগের শিক্ষার্থী ইলিয়াস আহমেদ রানার-আপ হয়েছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গতকাল সকালে কেন্দ্রীয় খেলার মাঠে প্রতিযোগিতার উদ্বোধন করেন। খেলা শেষে প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ পুরস্কার বিতরণ করেন।

ড. মুহম্মদ শহীদুল্লাহ্ হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মুহাম্মদ জাবেদ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যাথলেটিকস কমিটির সভাপতি অধ্যাপক ড. এস এম আরিফ মাহমুদ, শারীরিক শিক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত পরিচালক এস এম জাকারিয়াসহ বিভিন্ন হলের প্রাধ্যক্ষ এবং আবাসিক শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, ড. মুহম্মদ শহীদুল্লাহ্ হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় ১৩টি ইভেন্টে দু'শতাধিক শিক্ষার্থী অংশ নেয়। এই হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার মধ্য দিয়ে এবছর বিশ্ববিদ্যালয়ের হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা শুরু হলো। পর্যায়ক্রমে ১৮টি আবাসিক হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন ও রানার্স আপদের নিয়ে অনুষ্ঠিত হবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫৪তম আন্তঃহল অ্যাথলেটিকস্ প্রতিযোগিতা।

# The Country Today



## Sifat, Wares jointly champion in DU Shahidullah Hall annual sports competition

**DU Correspondent**

Dhaka University Dr. Muhammad Shahidullah Hall annual sports competition was jointly won by Shafin Al Mahmud Khan Sifat, a student of the Department of Zoology, and Wares Malek, a student of the Department of Microbiology, and Ilias Ahmed, a student of the Department of Mathematics.

Dhaka University Vice-Chancellor Professor Dr. Niaz Ahmed Khan inaugurated the competition as the chief guest on Wednesday morning, at the central playground. After the game, Pro-Vice Chancellor (Education) Professor Dr. Mamun Ahmed distributed prizes among the winners as the chief guest.

The event was presided over by Prof Dr. Muhammad Jabed Hossain, Principal of Dr. Muhammad Shahidullah Hall, and Professor Dr. SM Arif Mahmud, Acting Director of Physical Education Center SM Zakaria, Principals of various halls, residential teachers and students were present. It is worth noting that more than two hundred students participated in 13 events in the annual sports competition of Dr. Muhammad Shahidullah Hall.

The annual sports competition of the university halls started this year through the annual sports competition of this hall. The annual sports competition of 18 residential halls will be held in phases. The 54th Inter-Hall Athletics Competition of Dhaka University will be held with the champions and runners-up in the competition.

# দৈনিক বর্তমান

## সংঘর্ষে আহত ঢাকা কলেজ শিক্ষার্থী রাকিবের ৫ দাবি

ঢাকা কলেজ প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় ও অধিভুক্ত ৭ কলেজের শিক্ষার্থীদের মধ্যে সংঘর্ষের ঘটনায় ৫ দফা দাবি জানিয়েছেন আহত ঢাকা কলেজের শিক্ষার্থী মো. রাকিব। গত ২৬ তারিখ রাতে নীলক্ষেত এলাকায় সংঘর্ষে আহত হয়েছিলেন ঢাকা কলেজের রসায়ন বিভাগের তৃতীয় বর্ষের এই শিক্ষার্থী। এছাড়া তিনি বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় সমন্বয়ক। বুধবার সন্ধ্যা ৭টার দিকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের কেবিন ব্লকে এক

এরপর পৃষ্ঠা ৭ কলাম ২



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ঢাকা কলেজের আহত শিক্ষার্থী রাকিবকে দেখতে বুধবার ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে যান -বর্তমান

## সংঘর্ষে আহত ঢাকা

সংবাদ সম্মেলন এই ৫ দফা দাবি তুলে ধরেন। চিকিৎসাধীন রাকিবের দাবিগুলো হলো :-

১. আইন-শৃঙ্খলা অবনতি করে পরিকল্পিতভাবে হামলার দায় সংশ্লিষ্ট সকল উর্ধ্বতন কর্মকর্তা এবং স্পটে হামলার নেতৃত্ব দেওয়া সকলকে স্থায়ীভাবে প্রত্যাহার করতে হবে।

২. যেহেতু প্রো-ভিসি অধ্যাপক ড. মামুন আহমেদের অসদাচরণের কারণে এই মব সৃষ্টি হয়, যার ফলে শিক্ষার্থীরা আহত হয়; তাই প্রো-ভিসিকে অবিলম্বে বহিষ্কার করতে হবে।

৩.পরিকল্পিতভাবে হত্যার উদ্দেশ্যে যে সকল আইনশৃঙ্খলা বাহিনী এবং প্রশাসনের উর্ধ্বতন আওয়ামী প্রেতাত্মারা হামলার পরিকল্পনা করে, আগামী ২৪ ঘন্টার মধ্যে তাদেরকে আইনের আওতায় এনে উপযুক্ত বিচার করতে হবে।

৪. যে সকল শিক্ষাবর্ষের শিক্ষার্থী বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে শিক্ষা কার্যক্রম চলমান আছে তাদের শিক্ষা কার্যক্রমে কোনো প্রকার সমস্যা যেন না হয় সেই দিকে ইউজিসি এবং সরকারের দৃষ্টি রাখতে হবে।

৫. অতি দ্রুত সময়ের মধ্যে ৭ কলেজের শিক্ষার্থীদের দাবি অনুযায়ী স্বতন্ত্র বিশ্ববিদ্যালয়ের কাঠামো গত রূপরেখা সরকারকে বন্দোবস্ত করতে হবে।